**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**1 February 2026** **7:45 PM IST**

==========================================================================

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আজ সংসদে ২০২৬-২৭ বর্ষের বাজেট দাখিল করেন ।দেশের পরিকাঠামো , কারিগড়ি , এবং বৈদ্যুতিন ক্ষেত্রে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে ।বাজেটে উত্তরপূর্বাঞ্চলের ৫ টি রাজ্যে ৫ টি বিশেষ পর্যটনস্থল স্থাপন এবং উন্নয়নের জন্য প্রস্তাব গ্রহণ করা হয় ।উত্তরপূর্বাঞ্চলের যাতায়াত এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য ৪ হাজার ই-বাস চলাচলের জন্য বাজেটে প্রস্তাব করা হয় ।এছাড়া আসাম , অরুণাচল প্রদেশ , সিকিম ,মণিপুর , মিজোরাম এবং ত্রিপুরার বৌদ্ধধর্মের সঙ্গে জড়িত তীর্থস্থান সমুহের বিকাশের জন্য গৃহীত প্রকল্পে অনুমোদন জানানো হয় ।

বাইট [নর্মলা সীতারমণ]

সেবা খন্ডের বিকাশের ওপর গুরুত্ব আরোপ করে অর্থমন্ত্রী শ্রী সীতারমণ এই খন্ডের উপযোগী কৌশল বিকাশের জন্য এবং উচ্চ শিক্ষা খন্ডের প্রগতি ত্বরান্বিত করার উদ্দেশ্যে নতুন শিক্ষা প্রতিষ্ঠান , বিশ্ববিদ্যালয় , ছাত্রী নিবাস ইত্যাদি স্থাপন করার জন্য প্রস্তাব উত্থাপন করা হয় ।অর্থমন্ত্রী শ্রীমতী সীতারমণ তাঁর বাজেট ভাষণে দেশের

বর্ধিত এনিমেশন , ভিজুয়েল এফেক্ট , গেমিং এবং কমিক উদ্যোগ খন্ডে ২০৩০ সালের মধ্যে ২০ লক্ষ দক্ষতা সম্পন্ন লোকের প্রয়োজন হবে বলে মন্তব্য করেন । এর জন্য মুম্বাইতে একটি ভারতীয় সৃষ্টিশীল প্রযুক্তি প্রতিষ্ঠান স্থাপন প্রস্তাব করা সহ উত্তরপূর্বাঞ্চলে একটি নতুন জাতীয় ডিজাইন প্রতিষ্ঠান স্থাপন করার প্রস্তাব করা হয় ।

মানসিক স্বাস্থ্যের চিকিৎসা ও উন্নতির জন্য বিশেষ গুরুত্ব আরোপ করে আজকের বাজেটে জাতীয় মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠানের দ্বিতীয় শাখা খোলার বিষয়ে প্রস্তাব করা হয় । কেন্দ্রীয় সরকার তেজপুর এবং রাঁচির জাতীয় মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠান দুটিকে বিশেষভাবে উন্নত করার প্রয়াস করবে বলেও অর্থমন্ত্রী বাজেট ভাষণে উল্লেখ করেন ।

এবারের বাজেটে যুব প্রজন্মের জন্য দক্ষতা ভিত্তিক জীবিকার সুযোগ সৃষ্টি করার উদ্দেশ্যে তিনটি নতুন সর্বভারতীয় আয়ুর্বেদিক প্রতিষ্ঠান স্থাপন করা সহ পরবর্তী ৫ বছরে স্বাস্থ্য খন্ডে ১ লক্ষ পেশাদার লোক সৃষ্টির জন্য পদক্ষেপ গ্রহণ করার প্রস্তাব করা হয় । এবারের বাজেটে ৫ টি বিশেষ আঞ্চলিক চিকিৎসা কেন্দ্র স্থাপন করার জন্য রাজ্যগুলোকে সহায়তা করার প্রস্তাব করা হয়েছে এছাড়া এক লক্ষ ৫০ হাজার শুশ্রুষাকারীকে প্রশিক্ষণ দেওয়ার প্রস্তাব করা হয়েছে ।জেলা হাসপাতালগুলোতে জরুরীকালীন এবং ট্রমা কেন্দ্র স্থাপনের মাধ্যমে ৫০ শতাংশ সমর্থ বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে ।বাজেটে দিব্যাঙ্গদের সবল করে তোলার জন্য বিশেষ প্রস্তাব উত্থাপন করা হয়েছেদ । তাদের জন্য মর্যাদা সম্পন্ন জীবিকা নিশ্চিত করার উদ্দেশ্যে দিব্যাঙ্গ কৌশল যোজনা এবং কৃত্রিম অংগ প্রত্যঙ্গ প্রতিস্থাপনের ক্ষেত্রে সূচলতা সুনিশ্চিত করার উদ্দেশ্যে দিব্যাঙ্গ সাহারা যোজনা চালু করা হবে বলে বাজেটে উল্লেখ করা হয়েছে ।দেশকে

জৈব ভেষজ নির্মাণের কেন্দ্র হিসেবে গড়ে তুলতে পরবর্তী ৫ বছরে ১০ হাজার কোটি টাকা ব্যয় সাপেক্ষে ‘বায়ো-ফার্মা শক্তি’ শীর্ষক একটি প্রকল্পের কথা বাজেটে ঘোষণা করা হয়েছে ।
চলতি বছরের পয়লা এপ্রিল থেকে নতুন আয়কর আইন বলবৎ হবে বলে উল্লেখ করে শ্রীমতী সীতারমণ বলেন যে শীঘ্র সরল আয়কর নিয়মাবলী ঘোষণা করা হবে ।
মহিলাদের উৎকর্ষ সাধনের জন্য এস এইচ ই মার্টস প্রকল্পের বিষয়েও আজকের বাজেটে ঘোষণা করা হয় । ভাষিক ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগ এবং বিকাশের উদ্দেশ্যে একটি বহুভাষিক এ আই মঞ্চ ভারত বিস্তার গঠনের প্রস্তাব করা হয় । বাজেটে ১৫ টি পুরাতাত্বিক স্থলের বিশেষ বিকাশ সাধনের প্রস্তাব সহ দেশে ৭ টি দ্রুতগতির রেল করিডোর স্থাপনের বিষয়ে বাজেটে উল্লেখ করা হয় ।

---

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা ও রাজ্যের শিক্ষামন্ত্রী ডক্টর রনোজ পেগু আগামীকাল সকাল ১১টায় ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে শিলচরের ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান অধরচাঁন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবনের দ্বারোদঘাটন করবেন । অনুষ্ঠানে শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী উপস্থিত থাকবেন । এ উপলক্ষ্যে বিদ্যালয়ের সভাকক্ষে একটি আলোচনা সভার আয়োজন করা হয়েছে ।

---

আজ পবিত্র মাঘী পূর্ণিমা । এ উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন স্থানে নানা ধরণের ধর্মীয় কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও মাঘী পূর্ণিমা উপলক্ষ্যে আজ পূজা অর্চনা , যজ্ঞ , গীতা পাঠ ,সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি ধর্মীয় কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে ।

শ্রীমৎ স্বামী প্রণবানন্দজী মহারাজের ১৩১তম আবির্ভাব তিথি উদযাপন ,বৈদিক শান্তিযজ্ঞ ও সঙ্ঘ মহাত্মা স্মৃতি উৎসব উপলক্ষ্যে এদিকে তিনদিনব্যাপী আয়োজিত কার্যসূচীর আজ দ্বিতীয় দিনে মাঘী পূর্ণিমা তিথিতে শিলচর মালিনী বিল এবং তারাপুর শিববাড়ী রোড ভারতসেবাশ্রম সঙ্ঘ মন্দিরে মঙ্গলারতি ,উদয়াস্ত কীর্তন ,মহাভিষেক ,পূজারতি ,অন্নকূট ভোগ ,মহাপ্রসাদ বিতরণ ইত্যাদি অনুষ্ঠিত হয়েছে । এতে অগণিত ভক্তপ্রাণ লোকের সমাগম পরিলক্ষিত হয়েছে । আগামীকাল তিনদিব্যাপী কার্যসূচীর শেষ দিনে সঙ্ঘ মহাত্মা স্মৃতি তর্পণ ,বিশেষ পূজারতি ইত্যাদি রয়েছে ।

---

হাইলাকান্দিতে অনুষ্ঠিত বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের ৩১ তম কেন্দ্রীয় অধিবেশনে আজ অভ্যর্থনা কমিটির পক্ষ থেকে রাজ্যের মৎস ও পশুপালন মন্ত্রী কৃষ্ণেন্দু পালকে সংবর্ধনা জ্ঞাপন করা হয় । কমিটির সভাপতি ড:ইন্দিরা ভট্টাচার্য চাদর ,গামছা ও স্মারক প্রদান করে সংবর্ধনা জানান ⁄ সংবর্ধনা গ্রহণ করে মন্ত্রী শ্রী পাল বরাক উপত্যকার ভাষা ও সংস্কৃতি সংরক্ষণ এবং বিকাশে বরাক বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের উল্লেখ্যযোগ্য ভূমিকা রয়েছে বলে মন্তব্য করেন । দীর্ঘদিন ধরে এই সংগঠন সাহিত্যিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে বরাক উপত্যকার ঐতিহ্য রক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে বলেও তিনি উল্লেখ করেন । মন্ত্রী আরো বলেন যে এই কেন্দ্রীয় অধিবেশনে মূখ্যমন্ত্রী অতিথি হিসেবে উপস্থিত থাকার কথা ছিলো কিন্তু ব্যস্ততার কারণে মূখ্যমন্ত্রী উপস্থিত থাকতে না পারায় মূখ্যমন্ত্রীর প্রতিনিধি হিসেবে তিনি এই সম্মেলনে অংশগ্রহণ করেছেন । মন্ত্রী বলেন -----**বাইট**----[ কৃষ্ণেন্দু পাল]

এরপর তিনি বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের বিভিন্ন মঞ্চ ঘুরে দেখেন এবং আয়োজকদের সঙ্গে মত বিনিময় করেন । অনুষ্ঠানে প্রাক্তন মন্ত্রী গৌতম রায় সহ অন্যান্য বিশিষ্ট অতিথিরা উপস্থিত ছিলেন । এদিকে সম্মেলনে অংশগ্রহণের পর আজ মন্ত্রী কৃষ্ণেন্দু পাল হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠ পরিদর্শন করেন ।

---

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা কমিটির উদ্যোগে আজ শ্রীভূমির দলীয় কার্য্যলয়ে যথাযোগ্য মর্য্যাদায় বীর চিলারায় দিবস পালন করা হয়েছে । দলীয় নেতৃবৃন্দ ও কর্মীদের পক্ষ থেকে প্রথমে বীর চিলারায়ের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয় । পরে বীরে চিলারায়ের আত্ম-ত্যাগ ও সাহসিকতার ইতিহাস নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---

৭৯ তম সন্তোষ ট্রফী জাতীয় ফুটবল প্রতিযোগিতার গ্রুপ বি পর্যায়ের আজ শেষ খেলায় সার্ভিসেস দল কেরালাকে ১-০ গোলের ব্যাবধানে পরাজিত করেছে । এই জয়ের ফলে সার্ভিসেস দল প্রতিযোগীতায় ৬ পয়েন্ট লাভ করে গ্রুপ বি র কোয়ার্টার ফাইনালে নিজেদের স্থান নিশ্চিত করেছে । প্রতিযোগীতার কোয়ার্টার ফাইনাল আগামী মঙ্গলবার চিলাপাথার ও ঢকুয়াখানায় অনুষ্ঠিত হবে । উল্লেখ্য আগামী মঙ্গলবার দুপুর দুটোয় দিনের দ্বিতীয় খেলায় আসাম ও কেরালা মুখোমুখি হবে ।

---

অষ্টম আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়ানশিপের প্রথম রাউন্ডের দ্বিতীয় সেমি-ফাইনালের প্রথম দিনের খেলার পর রাইজিং ইয়ংস্টার ক্লাব সুবিধা জনক অবস্থায় রয়েছে । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত

প্রতিযোগীতার আজকের খেলায় ৩৩ রানে লিডে রয়েছে রাইজিং ইয়ং স্টার ক্লাব । সকালে টসে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয় প্রতিপক্ষ উইনসম অর্গেনাইজেশন । মাত্র ৩৫ ওভার এল বল খেলে সবকটি উইকেট হারিয়ে উইনসম সংগ্রহ করে ৭৯ রাণ । রাইজিং ইয়ং স্টারের হয়ে এস সুরমনি সিংহ পাঁচ উইকেট এবং আর রিমন দাস দুই উইকেট দখল করেন । জবাবে ব্যাট করতে নেমে রাইজিং ইয়ং স্টার ক্লাব ৪২ ওভার এক বল খেলে ১১২ রানে অল আউট হয়ে যায় । নিশিত রঞ্জন রায় দলের হয়ে সর্বোচ্চ ৩৫ রান করেন । সব মিলিয়ে উইনসম অর্গেনাইজেশন ১৫ রানে রাইজিং ইয়ং স্টার ক্লাব থেকে পিছিয়ে রয়েছে ।

---